**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 12-05-2025**
**Time: 07:52-07:59 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

Headlines :

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাত ৮ টায় জাতির উদ্দেশ্যে ভাষণ দেবেন।**

**(২) সারা দেশের সঙ্গে রাজ্যেও যথাযোগ্য মর্যাদায় পালিত হচ্ছে বুদ্ধ পূর্নিমা।**

**(৩) সেবার মানসিকতা নিয়ে কাজ করার জন্য সেবিকাদের প্রতি আহ্বান জানালেন মুখ্যমন্ত্রী।**

************************************************

**PM to address Nation:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাত ৮ টায় জাতির উদ্দেশ্যে ভাষণ দেবেন। পহেলগামে বর্বরোচিত সন্ত্রাসী হামলায় ২৫ জন ভারতীয় এবং একজন নেপালি নাগরিক নিহত হওয়ার পর ভারতের অপারেশন সিন্দুরের প্রেক্ষাপটে শ্রী মোদীর এই ভাষণ। প্রতিশোধমূলক অভিযানে ভারত প্রতিবেশী দেশ পাকিস্তান জুড়ে একাধিক সন্ত্রাসী ও সামরিক ঘাঁটি ধ্বংস করেছে এবং ১০০ জনেরও বেশি সন্ত্রাসীকে হত্যা করেছে। আজ বিকেলে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নয়াদিল্লিতে তার বাসভবনে একটি উচ্চ পর্যায়ের বৈঠকে সভাপতিত্ব করেন। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল, প্রতিরক্ষা প্রধান জেনারেল অনিল চৌহান, তিন সশস্ত্র বাহিনীর প্রধান এবং বেশ কয়েকজন ঊর্ধ্বতন কর্মকর্তা ।

***************************

**Buddha Jayanti– National:**

যথোচিত ধর্মীয় উৎসাহ উদ্দীপনায় আজ বুদ্ধ পূর্ণিমা উদযাপিত হচ্ছে। আজ যেমন গৌতম বুদ্ধের জন্মের দিন, পাশাপাশি আজকের দিনেই বুদ্ধগয়ার মহাবোধি বৃক্ষের নীচে তিনি নির্বাণ লাভ করেছিলেন। সারা বিশ্বের বৌদ্ধ এবং হিন্দুরা আজকের দিনটি উদযাপন করছেন। বুদ্ধ পূর্ণিমা উপলক্ষ্যে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ও উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়, দেশবাসী এবং গোটা বিশ্বে ভগবান বুদ্ধের ভক্তদের শুভেচ্ছা জানিয়েছেন। রাষ্ট্রপতি এক বার্তায় বলেছেন, ভগবান বুদ্ধের অহিংসার, ভালোবাসার এবং মানবতার বিষয়ে অমরবাণী, মানবজাতির সহানুভূতি ও কল্যাণের মূল মন্ত্র।

***************************

**Buddha Jayanti –CM**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ বিকেলে আগরতলার বেনুবন বিহারে বুদ্ধ জয়ন্তী ও বৈশাখী বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে আয়োজিত রাজ্যের মূল অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি বলেন, বিশ্ব শান্তির প্রতীক হচ্ছে এই বুদ্ধ জয়ন্তী উৎসব। তিনি রাজ্যে শান্তি সম্প্রীতি ও ঐক্য বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করেন। মুখ্যমন্ত্রী পাকিস্তানের ভূমিকা তীব্র সমালোচনা করে সন্ত্রাস মোকাবেলায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী

ও সেনাবাহিনীর ভূমিকার ভূয়সী প্রশংসা করেন । বুদ্ধ জয়ন্তী উৎসব উপলক্ষে আজ ভোরে বিশ্বশান্তির বার্তা নিয়ে আগরতলার বেণুবন বিহারে বুদ্ধ পুজোপাঠ, বুদ্ধ পূর্ণিমা শোভাযাত্রা, বুদ্ধ পতাকা উত্তোলন, বুদ্ধ পুজো ও সঙ্ঘদান, ধর্ম আলোচনা সহ বিভিন্ন ধর্মীয় কার্যক্রম অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, রামকৃষ্ণ মিশনের অধ্যক্ষ স্বামী শুভকরানন্দ মহারাজ, ধম্মদীপা ইন্টারন্যাশনাল বুদ্ধিষ্ট ইউনিভার্সিটির আচার্য ভেনারেবল ড. ধম্মপিয়া।

***************************

**Buddha Jayanti- South:**

আজ দক্ষিন জেলার মনুবনকুল ও বাইখোড়ায় নানা অনুষ্ঠানের আয়োজন করেন বৌদ্ধ ধর্মাবলম্বীরা। মনুবনকুলে বর্নময় শোভাযাত্রার আয়োজন করা হয়। তাছাড়া মনুবনকুল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হয়। বিধায়ক মাইলাফ্রু মগ, এম ডি সি কংজং মগ অনুষ্ঠানগুলিতে উপস্থিত ছিলেন। বাইখোড়ায় শোভাযাত্রার আয়োজন করা হয়। দক্ষিণ জেলার দেবীপুর, কলসী, জোলাইবাড়ির পচানু মগ পাড়ায় বৌদ্ধ জয়ন্তী উপলক্ষে নানা কর্মসূচির আয়োজিন করা হয়।

***************************

**International Nurses Day-CM:**

আজ ২০৫ তম আন্তর্জাতিক সেবিকা দিবস। এই উপলক্ষে ত্রিপুরা নার্সিং কাউন্সিলের উদ্যোগে আগরতলা রবীন্দ্রভবনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয় । অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা নার্সিং পেশা যথেষ্ট সম্মানের বলে উল্লেখ করেন। সেবার মানসিকতা নিয়ে কাজ করার জন্য তিনি সমস্ত সেবিকাদের প্রতি আহ্বান জানান। মুখ্যমন্ত্রী রাজ্যে নার্সিং শিক্ষার পরিকাঠামো উন্নয়নে রাজ্য সরকারের গৃহীত পদক্ষেপ বিস্তারিত উল্লেখ করেন।

#########Byte CM #########

উল্লেখ্য, এবারের আন্তর্জাতিক সেবিকা দিবসের ভাবনা our Nurses, our future caring for nurses strengthens economies.

***************************

**AirPort - Re open**

ভারতের বিমানবন্দর কর্তৃপক্ষ বেসামরিক বিমান চলাচলের জন্য যে ৩২টি বিমানবন্দর ১৫ মে পর্যন্ত বন্ধের নির্দেশ দিয়েছিল, আজ থেকে সেই স্থগিতাদেশ তুলে নেয়া হয়েছে। বিমানবন্দর কর্তৃপক্ষ আজ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, যাত্রীদের বিমান সংস্থার ওয়েবসাইটে বিমান সূচির আপডেটগুলি পর্যবেক্ষণ করে পরামর্শ নেওয়ার জন্য।

***************************

**Rain effect:**

হেজামারা ব্লকের অন্তর্গত রাম শংকর বিসি, শানখোলা বিসি, বালুরবন্ধ এলাকায় আজ ও গতকালের শিলা বৃষ্টিতে ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে। শিল্প বাণিজ্য রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা আজ ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলি পরিদর্শন করেন। সঙ্গে ছিলেন এডিসি'র ই এম রবীন্দ্র দেব্বর্মা, মোহনপুর মহকুমা শাসক সুভাষ দত্ত প্রমুখ। এদিকে, আজ বিধায়ক নয়ন সরকার ও ঝড়ে ক্ষতিগ্রস্ত বামুটিয়ার বিভিন্ন এলাকা পরিদর্শন করেন।

**************************

**Football:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় বিবেকানন্দ ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় বিবেকানন্দ ক্লাব ৩-১ গোলে কদমতলা যুব সংস্থাকে পরাজিত করে।

**************************

**Weather:**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের পশ্চিম এবং খোয়াই জেলায় বিক্ষিপ্তভাবে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এছাড়া উত্তর, ঊনকোটি, ধোলাই, সিপাহীজলা এবং গোমতী জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের সর্তকতা জারি করা হয়েছে। আজ সন্ধ্যা সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলার বিমানবন্দর এলাকায় বৃষ্টি হয়েছে ২৯.৪ মিলিমিটার। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২.৪ ডিগ্রি সেলসিয়াস।

**************************